**প্রশাসন অনুবিভাগ**
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

# ইউও নোট

বিষয়: ২০২০-২১ অর্থ বছরের উদ্ভাবন ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্পের তালিকা (১ম পর্যায়) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটের উদ্ভাবন সেবা বক্সে প্রকাশ।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থ বছরের উদ্ভাবন ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (এসআইপি) তালিকা (১ম পর্যায়) চূড়ান্ত করা হয়েছে।

২। এমতাবস্থায়, ২০২০-২১ অর্থ বছরের উদ্ভাবন ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্পের তালিকা (১ম পর্যায়) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটের উদ্ভাবন সেবা বক্সে প্রকাশের জন্য এতদসহ প্রেরণ করা হলো।

সংযুক্ত : ০৯ পাতা।

২৮.১০.২০২০

মোঃ দেলোয়ার হোসেন
উপপরিচালক (সংস্থাপন)

সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

ইউও নোট সংখ্যা: ৩৮.০১.০০০০.১০৭.০৫.০৪.২০২০- ১২৮

তারিখ: ১২ কার্তিক, ১৪২৭
২৮ অক্টোবর, ২০২০

অনুলিপি

১. পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা

## উদ্ভাবনী ধারণার (Innovation idea) তালিকা (১ম রাউন্ড ), ২০২০-২১

মোট -৭টি ( প্রাশিঅ-২, রংপুর-২, সিলেট-১, চট্টগ্রাম-১, ঢাকা-১ )

**অধিদপ্তর পর্যায়:**

| ক্রমিক নং | আইডিয়া নম্বর | উদ্ভাবক | আইডিয়ার শিরোনাম | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|
| ১ | ID-১০১৩২৩ | মোঃ শরীফ উল ইসলাম, শিক্ষা অফিসার (সাধারণ প্রশাসন), ০১৭২২৯২৫২০৬ | করোনা যোদ্ধা | করোনাভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতি মোকাবেলায় দায়িত্বপালনকারী প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষকের তথ্য সংগ্রহ, হালফিল এবং সংরক্ষণের একটি অনলাইন প্লাটফরম হলো “করোনা যোদ্ধা”। মাঠ পর্যায়ে ০৩ (তিন) টি পর্যায়ে (উপজেলা/থানা, জেলা এবং বিভাগ) তথ্য এন্ট্রির কাজটি সম্পন্ন করা হবে। মোট ০৫ টি ট্যাব ব্যবহার করে কাজগুলো সম্পাদন করা হবে। ট্যাবগুলো হলো: তথ্য এন্ট্রি: এখানে দায়িত্বপালনকারী তথ্য এন্ট্রির কাজটি সম্পাদন হবে; তথ্য পরিমার্জন: এন্ট্রিকৃত তথ্যের সংশোধন কিংবা সংযোজনের কাজটি সম্পাদন হবে; প্রত্যয়ন সংযুক্তকরণ: উপযুক্ত কর্তপক্ষের প্রত্যয়নপত্রগুলো আপলোডের কাজটি এখানে সম্পাদন হবে; পাসওয়ার্ড পরিবর্তন: এবং লগ আউট। করোনা পরিস্থিতিতে দায়িত্বপালনকারীদের ডাইনামিক ডাটাবেইজ তৈরি হবে ফলে তাৎক্ষণিক এ সংক্রান্ত বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণ সহজ হবে; স্বচ্ছতা ও জবাবদিহিতা আসবে। কোভিড-১৯ এ দায়িত্বপালনকারীদের তথ্য সংগ্রহে বাংলাদেশে এটিই প্রথম। তথ্য সংগ্রহে এর ফলে সময় ও খরচ কমে যাবে। **অধিকন্তু এটি শুদ্ধাচার কর্মপরিকল্পনায় গৃহীত একটি এ্যাক্টিভিটি।** |
| ২ | ID-১০১৩২২ | মোঃ শরীফ উল ইসলাম, শিক্ষা অফিসার (সাধারণ প্রশাসন), ০১৭২২৯২৫২০৬ | করোনা আপডেট | বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া প্রাণঘাতী করোনা ভাইরাস (কোভিড-১৯) এ আক্রান্ত প্রাথমিক অধিদপ্তরাধীন কর্মকর্তা, কর্মচারী, শিক্ষক এবং শিক্ষার্থীর তথ্য সংগ্রহ, হালফিল এবং সংরক্ষণের একটি অনলাইন প্লাটফরম হলো করোনা আপডেট। একটি ডাইনামিক ডাটাবেইজ তৈরি করা হবে; এন্ট্রি ফরম তৈরি করে প্রতিনিয়ত ডাটা এন্ট্রি করা হবে। কোভিড-১৯ এ আক্রান্তদের ডাইনামিক ডাটাবেইজ তৈরির ফলে আক্রান্তদের সঙ্গে যোগাযোগ রাখা এবং প্রয়োজনীয় সহযোগিতা প্রদান সহজ হবে; প্লাজমা সংগ্রহে সহযোগিতা প্রদান করা যাবে। **অধিকন্তু এটি উদ্ভাবন ও শুদ্ধাচার কর্মপরিকল্পনায় গৃহীত একটি এ্যাক্টিভিটি ।** |

মাঠ পর্যায়:

| ক্রমিক নং | আইডিয়া নম্বর | বিভাগ | উদ্ভাবক | আইডিয়ার শিরোনাম | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|
| ১ | ID-১০১৩৪৪ | রংপুর | মোঃ কাসেম আলী, সহকারী শিক্ষক, ০১৭১২৬৩১৯৭২ | ডিপিএড প্রশিক্ষণ সহায়িকা | সমগ্র বাংলাদেশে ৬৭টি পিটিআই দুই শিফটে প্রায় ৪০,০০০ প্রশিক্ষণার্থী রয়েছে। ডিপিএড ২০২০-২১ শিক্ষাবর্ষে তথ্যপুস্তক পরিমার্জন করা হয় যা এখনো প্রশিক্ষণার্থীদের হাতে পৌছায় নি। তদুপরি তথ্য পুস্তক গুলো অনেক আয়তনে অনেক বড় ও ওজন বেশি হওয়ায় সব সময় বই গুলো বহন করা সম্ভব হয় না। এমতাবস্থায় ডিপিএড এর সকল বই, নেপ এর প্রয়োজনীয় লিংক, পিটিআই এর প্রয়োজনীয় তথ্য একটি মোবাইলের এপসে বিশেষ প্রয়োজন। এতে করে একজন প্রশিক্ষণাথী শিক্ষকের বই বহনের প্রয়োজন হবে না। বিশেষ করে এই দূর্যোগকালীন সময়ে ডিজিটাল লাইব্রেরির প্রয়োজন অপরিসীম। এপসটি চালু হওয়াতে একজন শিক্ষকের সময়-খরচ-যাতায়ত ব্যয় কমে যাবে। এই সেবাটি চালু হলে একজন প্রশিক্ষণাথী শিক্ষককে পিটিআইতে আসার প্রয়োজন হবে না। সেবাটি চালু হলে একজন শিক্ষকের টিসিভি থাকবে না। |
| ২ | ID-১০১২৯৫ | রংপুর | এ,কে,এম তৌফিকুর রহমান , সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুড়িগ্রাম, ০১৭১৫১৩৪৬১০ | অন লাইনে ডিপিএড সার্টিফিকেট ট্রিট। | কুড়িগ্রাম জেলায় ১২৪০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে।এ জেলায় বর্তমানে কর্মরত ৬৯৪৩ জন শিক্ষক। একজন শিক্ষক তার ডিপিএড সার্টিফিকেট গন্যকরণের জন্য জেলা প্রাথমিক শিক্ষা অফিসে আসতে হয়। কুড়িগ্রাম জেলার ৯ টি উপজেলার মধ্যে ৫ টি উপজেলা বেশ দূর্গম এলাকায় অবস্থিত। অনেক দূর্গম পথ পাড়ি দিয়ে একজন শিক্ষককে সেবাটি নেওয়ার জন্য জেলা সদরে আসতে হয়। এতে করে একজন শিক্ষকের সময়,খরচ ও ভ্রমণব্যয় বেড়ে যায়। বিশেষ করে এই দূযোগকালীন সামাজিক দূরত্ব বজায় রাখা বেশ কষ্টসাধ্য। কিন্তু সেবাটি অনলাইনে দিতে পারলে একজন শিক্ষকের সময়-খরচ-যাতায়াত ব্যয় কমে যাবে। অনলাইনে এই সেবাটি চালু হলে একজন শিক্ষককে জেলা সদরে আসার প্রয়োজন হবেনা।এই সেবাটি চালু হলে অন্যান্য সেবাগুলো চালু করা সহজ হবে। সেবাটি চালু হলে একজন শিক্ষকের টিসিভি থাকবে না বা অনেকাংশে কমে যাবে । |
| ৩ | ID-১০১৩৫৩ | সিলেট | কিশলয় চক্রবর্তী, শিক্ষা অফিসার, শ্রীমঙ্গল, মৌলভীবাজার, ০১৭১২১৬১৪৩৪ | সৃজন-অনলাইনে ১ম ও ২য় শ্রেণির শিক্ষার্থীদের হাজিরা, শিখনফল অর্জন মনিটরিং। | ১ম ও ২য় শ্রেণির শিক্ষার্থীদের অনলাইন software এর মাধ্যমে দৈনিক রুল কল অর্থাৎ নাম ডাকা, শিক্ষকদের প্রতিদিনের লেসন-প্লান আপলোডকরণ ও শিক্ষার্থীদের শিখনফল অর্জন যাচাই করে software এ আপলোডকরণ। |
| ৪ | ID-১০১২৮৪ | ঢাকা | জিয়াউদ্দিন আহাম্মদ, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ০১৭১৬৪০১১৮৬ | সকল কাঁটা ধন্য করে ফুটবো মোরা ফুটবো গো | শিরোনামে বর্ণিত ধারণাটি হচ্ছে করোনা মহামারীর এই দূর্যোগকালীন সময়ে কাব ইউনিট লিডারগণ তার ইউনিটের কাব শিশুদের নিয়ে ম্যাসেঞ্জার গ্রুপ খুলবেন এবং নিয়মিতভাবে ভার্চুয়াল প্যাক মিটিং এর মাধ্যমে কাব স্কাউটিং কার্যক্রম অব্যাহত রাখবেন। এছাড়াও উক্ত গ্রুপের মাধ্যমে নিয়মিতভাবে প্রতিদিন ১টি করে পাঠ দেবেন এবং তা কাব শিশুরা শিখছে কিনা তা ফলোআপ করবেন। এছাড়াও জুম ক্লাউড মিটিং এ্যাপসের মাধ্যমে উক্ত কার্যক্রম পরিচালনা করা হবে এবং মাসে অন্তত একবার গ্রুপ কমিটির সভা করা যেতে পারে। এই প্রক্রিয়ায় মানিকগঞ্জ জেলার প্রায় ৩০০০০ কাব শিশুকে নিয়মিত স্কাউটিং চর্চায় সম্পৃক্ত করা যাবে। এর ফলে বাংলাদেশ স্কাউটস এর স্ট্রাটেজিক প্লান অনুযায়ী ২০২১ সালের মধ্যে ২১ লক্ষ স্কাউট তৈরির বিষয়টি নিশ্চিত করা সম্ভব হবে। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫ | ID-১০১২০৮ | চট্টগ্রাম | মো: সাইফুল্লাহ সরোয়ার, সহকারী শিক্ষক, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম, ০১৮১৭৭০৫০৬৭ | বিদ্যালয় ব্যবস্থাপনা (ডাটাবেস সফটওয়্যার) | বিদ্যালয় ব্যবস্থাপনা নামক ডাটাবেস সফটওয়্যারটি ব্যবহার করে সহজেই বিদ্যালয়ের প্রয়োজনীয় তথ্য সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ করা যাবে। যেমন: ছবিযুক্ত বই বিতরণ রেজিষ্টার, ছবিযুক্ত ভর্তি রেজিষ্টার, ফলাফল রেজিষ্টার, স্টুডেন্ট কাউন্সিল নির্বাচন সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন (ছবিযুক্ত ভোটার তালিকা, স্বয়ংক্রিয় ব্যালট পেপার সহ যাবতীয় ফরম ও ল্যাপটপ ব্যবহার করে ভোট গ্রহণ),ক্ষুদে ডাক্তার কার্যক্রম(শিক্ষার্থীরা সহজেই ব্যবহার করতে পারবে), শ্রেণিভিত্তিক ফলাফল প্রক্রিয়াকরণ ও প্রকাশ পাঠোন্নতি বিবরণী সহ, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার ডিআর, বিদ্যালয়ে ভর্তিকৃত শিক্ষার্থীর বয়স ও শ্রেণিভিত্তিক শিক্ষার্থীর তথ্য জানা, ভর্তির ধরণ ও ধর্ম ভিত্তিক তথ্য জানা, স্বয়ংক্রিয়ভাবে বিদ্যালয় পরিচালনা কমিটির ভোটার তালিকা প্রিন্ট, শিক্ষকের সাধারণ তথ্য ও প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য সহজেই জানা ও সংরক্ষণ করে রাখা, বেতন প্রাপ্তি স্বীকার পত্র ইত্যাদি প্রিন্ট ও সংরক্ষণ করে রাখা যাবে। One day one word Dictionary তে শব্দ সংরক্ষণ ও উপকরণ হিসাবে প্রিন্ট করা যাবে। শিশু জরিপ তথ্য সংরক্ষণ ও পর্যালোচনা করা যাবে এবং শিক্ষার্থীদের দৈনিক উপস্থিতি সংরক্ষণ ও শতকরা হার জানা যাবে। |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা

## ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (এসআইপি)/ Best Practice এর তালিকা (১ম রাউন্ড), ২০২০-২১

মোট-৩৫ (ঢাকা-১১, রাজশাহী-২, চট্টগ্রাম-৬ , রংপুর-৪ , খুলনা-২, সিলেট-৬ , ময়মনসিংহ-৪)

**বিভাগ: ঢাকা**

| ক্রমিক নং | আইডিয়া নম্বর | উদ্ভাবক | আইডিয়ার শিরোনাম | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|
| ১ | ID-১০১২২০ | সুবর্না রায় লিপা, সহকারী শিক্ষক, বোয়ালমারী, ফরিদপুর, ০১৭৪৬৩৭৮২৫২ | সমানুভূতি বৃক্ষ | শিক্ষার পাশাপাশি শিশুর নিজস্ব অনুভূতি আর বোধগুলো জাগ্রত করা খুবই প্রয়োজন, যাতে তার অনুভূতিই তাকে ভালো আচরণ সম্পন্ন মানুষ হিসাবে গড়ে তোলে। তাই সমানুভূতির বীজ বপন করতে হবে প্রতিটি শিশুর অন্তরে।সহানুভূতি আর সমানুভূতির মধ্যে কিছু পার্থক্য রয়েছে। গ্রামের প্রত্যন্ত এলাকার শিশুরা পরষ্পরকে অনায়াসে ক্ষ্যাপায়, অকারণে মারামারি ও কলহ করে। শিশুদেরকে কৌশলে আর আনন্দের মাধ্যমে বোঝাতে হবে যে " তোমার প্রতি অন্যের যে আচরণ তোমার খারাপ লাগে সেই আচরণ তুমিও অন্যদের সাথে করবে না, আর অন্যের যে আচরণ তোমার ভালো লাগে সেই আচরণ তুমিও অন্যদের সাথে করবে"। এটাই সমানুভূতি। তাদের অন্তরে সমানুভূতির বোধদয় ঘটানোর জন্যেই আমার উদ্ভাবনী ধারণা " সমানুভূতি বৃক্ষ"। |
| ২ | ID-১০১২৪৫ | মোঃ কামরুজ্জামান, সুপারিনটেনডেন্ট, ঢাকা, ০১৮৪৬৭৮৭৭৩৬ | ডিপিএড শিক্ষার্থীরা পিটিআইতে প্রশিক্ষণকালে নৈমিত্তিক ছুটি গ্রহণে নিরুৎসাহিতকরণ। | ডিপিএড শিক্ষার্থীরা পিটিআইতে প্রশিক্ষণকালে ১ বছর কেউ নৈমিত্তিক ছুটি না নিলে প্রত্যেকে পুরুষ্কার প্রদান করা হয়ে থাকে। মুন্সিগঞ্জ পিটিআইতে ২০১৮-১৯ সেশন ১ জন শিক্ষার্থী এ পুরুষ্কার পেয়েছিল। ২০১৯-২০ শিক্ষাবর্ষে ২১ জন শিক্ষার্থী এ পুরুষ্কার পেয়েছে। |
| ৩ | ID-১০১৩৪১ | খায়রুন নাহার লিপি, সহকারী শিক্ষক, আরসি সপ্রাবি, ০১৭৬৬৪৫৮৭১৮ | করোনা কালীন শিক্ষা: প্রতিযোগিতা ও আনন্দে | করোনাকালীন সময়ে বিদ্যালয় ও শ্রেণি পাঠদান কার্যক্রম বন্ধ রয়েছে। শিক্ষার্থীদের শিখন ঘাটতি হ্রাস ও সৃষ্ট দূরত্ব কমিয়ে আনার জন্য কোমলমতি শিক্ষার্থীদের জন্য একজন শিক্ষক হিসেবে আমার প্রয়াস। এ মুহূর্তে শিক্ষর্থীদের পাঠে অন্তর্ভুক্তিকরণের লক্ষ্যে শিক্ষার্থীদের আনন্দদায়ক শিক্ষা এবং তা হবে প্রতিযোগীতামূলক মনোভাব পোষণ করে। এরই ধারাবাহিকতায় কিভাবে শিক্ষার্থীদের পাঠে মনোনিবেশ করা যায় সে লক্ষ্যে আমি প্রথমে তৃতীয় শ্রেণির বাংলা ও ইংরেজি বিষয়ে অধ্যায় ভিত্তিক এ্যাসাইনমেন্ট প্রদান করি। অধিকাংশ অভিভাবকের স্মার্ট ফোন না থাকায় আমি অধ্যায় ভিত্তিক প্রশ্নটি মোবাইলে জানিয়ে দেই। ৩ থেকে ৫ দিন সময় দিয়ে নির্ধারিত তারিখে বিদ্যালয়ে এসে সামাজিক দূরুত্ব বজায় রেখে আমার নিকট জমা দিতে বলি। আমি সেগুলো মূল্যায়ন করে মেধার ভিত্তিতে ১ম ৫ জনকে পুরস্কৃত করি। এতে একদিকে যেমন প্রযোগিতামূলক মনোভাবের সৃস্টি হয় অন্যদিকে শিক্ষাদানও সম্পন্ন হয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | জাতির এ সঙ্কটময় মূহুর্তে এ শিক্ষা পদ্ধতিটি খুব আলোড়ন সৃষ্টি করেছে। আমার বিশ্বাস সামাজিক দুরুত্ব বজায় রেখে মোবাইল ফোনের মাধ্যমে শিক্ষার্থীদের নির্দেশ প্রদান করে বর্ণিত শিখন শেখানো কার্যক্রমটি (প্রতিযোগিতা ও আনন্দে) অত্যন্ত কার্যকর ও ফলপ্রসূ হবে। |
| ৪ | ID-১০১৩৭৫ | মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার, কালিয়াকৈর, গাজীপুর, ০১৭১২২২৩৭২১ | শিশুকেন্দ্রিক পরীমঞ্চ কার্যক্রম | পরীমঞ্চ হচ্ছে শিশুদের জন্য তৈরি বিশেষ মঞ্চ যাকে শিশুদের স্বপ্নের মঞ্চও বলা হয়। প্রাক-প্রাথমিক শিশুদের জন্য শ্রেনিকক্ষের মেঝে হতে ১ ফুট উচু ৩ফুট প্রস্থ এবং ৪ফুট দৈর্ঘ্যের কাঠের তৈরি মঞ্চ। যার পিছনে থাকবে নান্দনিক রঙিন পরী সদৃশ শিশুর ছবি। ছবিতে আহ্বান করে থাকবে "মঞ্চে এসো কিছু করি"। মঞ্চের চারপাশে আকর্ষণীয় রঙিন ঝালর ঝুলানো থাকবে। মঞ্চের উপরে রঙিন কার্পেট। মঞ্চের পিছনে শিশুর তুলনায় উচু বড় করে পরীর ছবি সব মিলিয়ে নান্দনিক দৃশ্য সম্বলিত মঞ্চটি শিশুকে মঞ্চে এসে নাচ, গান, আবৃত্তি, অভিনয়, গল্পবলা, অক্ষর কার্ড, ছবির কার্ড, নম্বর কার্ড ইত্যাদি ফ্লোরে বসা শিশুর তুলনায় অপেক্ষাকৃত উচু এবং সাজানো স্থানে দাড়িয়ে পারগ শিশু কর্তৃক প্রদর্শন করে অন্যান্য শিশুকে উদ্বুদ্ধ করা, জড়তা মুক্ত করে আনন্দের মাধ্যমে শেখায় আগ্রহ বৃদ্ধির এক দৃশ্যমান মাধ্যম। |
| ৫ | ID-১০১৩৮০ | মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার, কালিয়াকৈর, গাজীপুর, ০১৭১২২২৩৭২১ | শিশুকেন্দ্রিক পকেট কার্ড বোর্ড | এটি শিশুশ্রেণির শিশুদের বর্ণ, সংখ্যা (বাংলা ও ইংরেজী) বা ফুল-ফল-পাখি-বস্তুর ছবির কার্ড প্রদর্শনী কাপড়ের বোর্ড। একটি ৩ ফিট উলম্ব এবং ৪ ফিট প্রস্থের (পাশ) কাপড়ে প্রায় ১৫০টি ছোট ছোট পকেট থাকে যার ভিতর বর্ণ বাং অক্ষর লেখা সম্বলিত শক্ত কার্ডের অর্ধেকটা থাকবে আর লেখা বা ছবি ছাপানো বাকী অংশ পকেটের উপর দৃশ্যমান হবে। এভাবে ক, খ, গ অথবা অ, আ, ই কিংবা ইংরেজী অক্ষর, ইংরেজী নম্বর, বাংলা কার চিহ্ন, বাংলা সংখ্যা ইত্যাদি পকেটে সাজিয়ে দেখানো অথবা এলোমেলো করে রেখে দিয়ে শিশুকে সাজাতে বলা, সাজানো দৃশ্যমান বর্ণ বা সংখ্যা বা ছবিকে পয়েন্টার দিয়ে দেখিয়ে শিশুকে বলতে বলা অথবা শিশুকে দিয়ে শিশুকে বলানো-দেখানো, চর্চা করানো। এভাবে বর্ণ বা অক্ষরের আগে পরে কার চিহ্ন দিয়ে শব্দ গঠণ, সংখ্যারে পারে প্রক্রিয়া চিহ্ন বসিয়ে যোগ বা বিয়োগ শেখানো যায়। যেহেতু শিশু শ্রেনির শিশুদের কোমল হাতে বোর্ডে লিখতে পারেনা তাই রঙিন আকর্ষণীয় কার্ডগুলো শিশুর হাতে দিয়ে সাজাতে দিলে অথবা মিল করতে দিলে তার এক্টিভিটি ভিত্তিক কাজ করার সুযোগ হয় এবং ছোট সোনামনিরা আগ্রহের সাথে শেখে। শিক্ষকের জন্যও সহজে ব্যবহার যোগ্য হয়। |
| ৬ | ID-১০১২১৪ | সুবর্না রায় লিপা, সহকারী শিক্ষক, বোয়ালমারী, ফরিদপুর, ০১৭৪৬৩৭৮২৫২ | ভালো কথার মালা | শিক্ষিত হওয়ার আগে একজন মানুষের ভালো মানুষ হওয়া খুব জরুরী। গ্রাম বা মফস্বল এলাকার অধিকাংশ অভিভাবক অশিক্ষিত এবং নিম্নবিত্ত। অভিভাবক বা প্রতিবেশীর কাছ থেকে শোনা কটু কথা ও গালি শিশুরাও অবলীলায় বিদ্যালয়ের অন্য শিশুদের সাথে স্বাভাবিক বুলির মতন ব্যবহার করে। তারা ভালো এবং মন্দ কথার পার্থক্যও বুঝতে পারে না। এজন্য শিশুদের অন্তরে ভালো কথার বীজ বপন করতে হবে সর্বাগ্রে। শিশুদেরকে হাসি খেলা আর আনন্দের মাধ্যমে নৈতিকতাবোধ জাগ্রত করা ও মননে ইতিবাচক পরিবর্তন আনয়নের জন্যই আমার উদ্ভাবনী ধারণা "ভাল কথার মালা"। |
| ৭ | ID-১০১৩৮৩ | শাহনেওয়াজ পারভীন, উপজেলা/থানা শিক্ষা অফিসার, ভুয়াপুর, টাঙ্গাইল, ০১৭১২২০৯৩৬৭ | সুস্থ্য দেহ গড়ি, মানসম্মত প্রাথমিক শিখষা নিশ্চিত করি। | ৪র্থ ও ৫ম শ্রেণির ছাত্রী ও মায়েদের নিয়ে বয়:সন্ধিকালের সমস্যা বিষয়ে কর্মশালা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | ID-১০১৩৮৪ | শামীম আল মাসুদ রানা, সহকারী শিক্ষা অফিসার, সখিপুর, টাঙ্গাইল, ০১৭৬১৭০৯৯১৬ | আমার অভিধান ও সেরা ওয়ার্ড মাস্টার নির্বাচন | শিক্ষার্থীদের উজ্জীবিত করার জন্য শিক্ষকের সহযোগিতায় শিক্ষার্থীদের আমার অভিধান তৈরি করতে বলি। এ প্রক্রিয়াকে আরো ত্বরান্বিত করার জন্য প্রতি শ্রেণিতে মাস ভিত্তিক সেরা ওয়ার্ড মাস্টার প্রতিযোগীতার আয়োজন করি। সেরা ৫ ওয়াড মাস্টারকে পুরস্কার প্রদানের ব্যবস্থা বিদ্যালয় পর্যায় থেকে ক্লাস্টারের সকল বিদ্যালয়ে ছড়িয়ে দেওয়ার জন্য ক্লাস্টার ভিত্তিক প্রতিযোগিতার আয়োজন করি। |
| ৯ | ID-১০১৩৮৯ | মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার, কালিয়াকৈর, গাজীপুর, ০১৭১২২২৩৭২১ | শতভাগ পড়ার দক্ষতা উন্নয়ন কার্যক্রম (রিডিং স্কিল ডেভেলপমেন্ট এক্টিভিটি) | শিশুকে শতভাগ পড়ার দক্ষতা বৃদ্ধির জন্য নিয়মিত শ্রেণি পাঠদান কার্যক্রমে বাইরেও তাকে পত্রিকার কলাম (পুরাতন-নতুন বাংলা/ইংরেজী) পড়ানোর সুযোগ করে দেয়া, শ্রেণি পাঠ্যপুস্তক সমমানের অন্যান্য সহায়ক পঠন সামগ্রী পড়ার সুযোগ তৈরির জন্য পৃথক রিডিং কর্ণার স্থাপন (শ্রেণিকক্ষের ভিতরে, বারান্দায়, সিড়ি কক্ষে, বারান্দায় সীমানায় অথবা পৃথক রুমে) যেখানে মিনি লাইব্রেরীর সুযোগ থাকবে, দাড়িয়ে খবর পড়া স্টাইলে পড়ার জন্য লেকচার টেবিলের আদলে ঢালু শিশুকেন্দ্রিক টেবিলের ব্যবস্থা রাখা, হাতের কাছে বুক শেলফ রাখা, শব্দার্থ বুঝতে ডিকশনারী রাখা, ডিজিটাল ই বুক বা অনলাইন পড়ার মনিটর/স্ক্রিন ও থাকতে পারে। নিয়মিত খবর পড়া প্রযোগিতার আয়োজন করা। রিডিং এর উপর কুইজ প্রতিযোগিতা রাখা। ধারাবাহিক পড়া বলার প্রতিযোগিতা করানো। |
| ১০ | ID-১০১৩৯২ | মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার, কালিয়াকৈর, গাজীপুর, ০১৭১২২২৩৭২১ | লেসন প্লান সহজীকরণ কার্যক্রম | লেসন প্লান বা পাঠ পরিকল্পনা সহজীকরণ হচ্ছে শিক্ষকদের সর্বজন বিদিত আকুতি। প্রচলিত পাঠ পরিকল্পনা শিক্ষকরা দেখতে তেমন আগ্রহ দেখায় না কারণ সারাদিনে অনেকগুলো পাঠ নিতে হয়। সেটাকে মাথায় রেখে একটি পাঠপ্লান ফর্মেটসহ বিষয়ভিত্তিক খাতা ছাপানো খাতা তৈরি যাতে শিক্ষক নিজ হাতে প্রতিটি পাঠের শিরোনাম, তারিখ, শিখনফল, কার্যক্রম, মূল্যায়ন নিজেই লিখবে তবে খাতার প্রতি ২ পাতায় রোওয়াইজ করে লিখবে এবং ২ পাতা মিলে ৪/৫টি লেসন প্লান লিখতে পারবে যা এক নজর দেখা যাবে আগে পরে দেখা যাবে, সুপারভিশন সহজ হবে। ৪/৫টি লেসন প্লান একনজরে দেখতে পাওয়ার কারনে উপকরণ চিহ্নিত করে তা সংগ্রহ ও ব্যবহারের উপযোগী করে সংরক্ষণ সহজ হবে। বাংলা ও ইংরেজী অবশ্যই পৃথক ফরমেটে থাকে। |
| ১১ | | মো: রফিকুল ইসলাম, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, করিমগঞ্জ, কিশোরগঞ্জ | শুদ্ধাচার সংসদ | ৩য় থেকে ৫ম শ্রেণির ছাত্রছাত্রীদের সমন্বয়ে এই "শুদ্ধাচার সংসদ" গঠিত হবে।শুদ্ধাচার সংসদের একটি গঠনতন্ত্র থাকবে। এই সংসদ প্রতিবছর জানুয়ারি মাসে গঠিত হবে এবং শুদ্ধাচারের তালিকা প্রণয়ন করবে। তালিকা অনুসরণ করে শুদ্ধাচার অনুশীলন করবে এবং ক্লাসভিত্তিক বিভিন্ন কার্যক্রম গ্রহণ করবে। শিশুরা যেন শুদ্ধাচারের চর্চা করে সেই লক্ষ্যে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করবে। ফলে শিশুদের মাঝে শুদ্ধাচার অনুশীলনের অভ্যাস গড়ে উঠবে। |

**বিভাগ: রাজশাহী**

| ক্রমিক নং | আইডিয়া নম্বর | উদ্ভাবক | আইডিয়ার শিরোনাম | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|
| ১ | ID-১০১২০৫ | মো: আসাদুর রহমান, সহকারী শিক্ষক, ধামইরহাট, নওগাঁ, ০১৭২৩০৮৪০৪৭ | মোবাইল অ্যাপসে লেখাপড়া | একটা মোবাইল অ্যাপসে শ্রেণি অনুযায়ী বিভিন্ন ভিডিও থাকবে, ভিডিও গুলো সংসদ টিভির ক্লাস ও হতে আবার নতুন কোনো পাঠদানের ভিডিও ও হতে পারে ।শিশুরা ভিডিও দেখে মূল্যায়নের জন্য এক কথায় উত্তর অথবা বিশেষ প্রয়োজনে এম সি কিউ প্রশ্ন থাকবে যেগুলো মূল্যায়ণ হবে সয়ংক্রিয়ভাবে । |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | ID-১০১২৭৫ | সরকার মোঃ রিয়াজুল ইসলাম, সহকারী শিক্ষা অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ, ০১৭৬৬২০২৩৩৪ | আমার পড়া আমার বোর্ড | করোনা কালীন সময়ে শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম চালিয়ে নেওয়ার জন্য প্রতিটি বিদ্যালয়ের ক্যাচমেন্ট এরিয়া কে ভাগ করে শিক্ষক প্রতি একটি নির্দিষ্ট স্থানে বোর্ড স্থাপন করতে হবে। যেখানে শিক্ষক পুরো সপ্তাহের পাঠ বাড়ির কাজ হিসাবে দেবেন। প্রয়োজনে কিছু পাঠ লিখেও দেয়া যেতে পারে যা শিক্ষার্থী এবং অভিভাবকগণ দেখতে পারবেন।এবং সে মোতাবেক বাড়িতে পাঠ, চালিয়ে যাবেন। |

**বিভাগ: খুলনা**

| ক্রমিক নং | আইডিয়া নম্বর | উদ্ভাবক পরিচিতি | আইডিয়ার শিরোনাম | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|
| ১ | ID-১০১০৩৫ | মোহাঃ আমিরুল ইসলাম, সহকারী শিক্ষক, মিরপুর, কুষ্টিয়া, ০১৭২৯৭২৮১১৪ | কেবল টেলিভিশন নেটওয়ার্কের মাধ্যমে দৈনন্দিন পাঠদান সম্প্রচার | বিদ্যালয় ক্যাচমেন্ট এরিয়ায় কেবল টিভি নেটওয়ার্কের ডিশ লাইনের তারের সাথে বিদ্যালয়ের সম্প্রচার মেশিন সংযুক্ত করে একটি কেবল টিভি চ্যানেল চালু করতে হবে। উক্ত টিভি চ্যানেলটি আইসিটি শিক্ষক সম্প্রচারের দায়িত্বে থাকবেন। প্রত্যেকদিন কী সম্প্রচার করা হবে তা পূর্বে থেকেই ঠিক করে নিতে হবে। |
| ২ | ID-১০১১৫৫ | মোহাঃ আমিরুল ইসলাম, সহকারী শিক্ষক, মিরপুর, কুষ্টিয়া, ০১৭২৯৭২৮১১৪ | Holiday descriptive display board | প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষাবর্ষের ছুটির উপলক্ষগুলোর বর্ণনা না থাকায় কিংবা শিক্ষক উপলক্ষটি বললেও শিক্ষার্থীদের বিষয়টি সম্পর্কে জানার আগ্রহ থেকেই যায়। উক্ত জানার আগ্রহ থেকে একটি প্রদর্শন বোর্ড তৈরি করা হবে সেখানে ছুটির বর্ণনাগুলো প্রদর্শন করা হবে। |

**বিভাগ: চট্টগ্রাম**

| ক্রমিক নং | আইডিয়া নম্বর | উদ্ভাবক | আইডিয়ার শিরোনাম | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|
| ১ | ID-১০১০১৮ | মোহাম্মদ কাউসার আলম, প্রধান শিক্ষক, চাঁদপুর সদর, চাঁদপুর, ০১৫৫৪২৫২৪১৪ | ফেলনা জিনিসে তৈরি গাছ, শব্দ শিখায় বারোমাস | কাঠ বা বাঁশের তৈরি একটি গাছ। গাছে ঝুলানো হবে ফেলে দেয়া বা পরিত্যক্ত বিভিন্ন ধরনের বস্তু যেমন- তালা, চাবি, কলম, মোবাইল ইত্যাদি। গাছটি শিক্ষার্থীদের সামনে রাখা হবে। বস্তুগুলোর নাম বাংলায় / ইংরেজিতে শুদ্ধভাবে বলতে/ লিখতে বলা হবে। বয়স ও শ্রেণি অনুযায়ী বস্তুগুলো সাজানো হবে।গাছটি English Speaking Corner এ স্থাপন করা হবে। প্রতি মাসে অন্তত একবার গাছটি দেখানো হবে। ফিডব্যাক রেজিস্টার এ সংরক্ষণ করা হবে। |
| ২ | ID-১০১১৮১ | সঞ্চয়নচাকমা , সহকারী উপজেলা/থানা শিক্ষা | করোনাকালীন টিভি বিহীন ও মোবাইল | নিজ ক্লাস্টারের সকল বিদ্যালয়ে টিভি ও নেটওয়ার্ক দুর্বল এলাকায় শিশুদের চিহ্নিত করা। শিক্ষকদের সাথে আলোচনা করে ১০/১২ জন শিক্ষার্থী নিয়ে গ্রুপ তৈরি করা এবং সংশ্লিষ্ট বিদ্যালয়ের শিক্ষককে দায়িত্ব দেয়া। শিক্ষকরা সামাজিক দূরত্ব বজায় রেখে প্রতি সপ্তাহে কমপক্ষে ২/৩ দিন পড়াশুনার অগ্রগতি বিষয়ে খোঁজখবর নেয়া এবং শিক্ষার্থীদের পড়া ও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অফিসার, পানছড়ি, খাগড়াছড়ি, ০১৫৫৬৫৩০৪৭৪ | নেটওয়ার্ক দুর্বল এলাকায় পাঠদান চালু। | কাজ দিয়ে আসা। |
| ৩ | ID- ১০১২০৮ | মো: সাইফুল্লাহ সরোয়ার, সহকারী শিক্ষক, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম, ০১৮১৭৭০৫০৬৭ | বিদ্যালয় ব্যবস্থাপনা (ডাটাবেস সফ্টওয়্যার) | বিদ্যালয় ব্যবস্থাপনা নামক ডাটাবেস সফ্টওয়্যারটি ব্যবহার করে সহজেই বিদ্যালয়ের প্রয়োজনীয় তথ্য সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ করা যাবে। যেমন: ছবিযুক্ত বই বিতরণ রেজিষ্টার, ছবিযুক্ত ভর্তি রেজিষ্টার, ফলাফল রেজিষ্টার, স্টুডেন্ট কাউন্সিল নির্বাচন সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন (ছবিযুক্ত ভোটার তালিকা, স্বয়ংক্রিয় ব্যালট পেপার সহ যাবতীয় ফরম ও ল্যাপটপ ব্যবহার করে ভোট গ্রহণ), ক্ষুদে ডাক্তার কার্যক্রম(শিক্ষার্থীরা সহজেই ব্যবহার করতে পারবে), শ্রেণিভিত্তিক ফলাফল প্রক্রিয়াকরণ ও প্রকাশ পাঠোন্নতি বিবরণী সহ, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার ডিআর, বিদ্যালয়ে ভর্তিকৃত শিক্ষার্থীর বয়স ও শ্রেণিভিত্তিক শিক্ষার্থীর তথ্য জানা, ভর্তির ধরণ ও ধর্ম ভিত্তিক তথ্য জানা, স্বয়ংক্রিয়ভাবে বিদ্যালয় পরিচালনা কমিটির ভোটার তালিকা প্রিন্ট, শিক্ষকের সাধারণ তথ্য ও প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য সহজেই জানা ও সংরক্ষণ করে রাখা, বেতন প্রাপ্তি স্বীকার পত্র ইত্যাদি প্রিন্ট ও সংরক্ষণ করে রাখা যাবে। One day one word Dictionary তে শব্দ সংরক্ষণ ও উপকরণ হিসাবে প্রিন্ট করা যাবে। শিশু জরিপ তথ্য সংরক্ষণ ও পর্যালোচনা করা যাবে এবং শিক্ষার্থীদের দৈনিক উপস্থিতি সংরক্ষণ ও শতকরা হার জানা যাবে। |
| ৪ | ID- ১০১২৯১ | মোহাম্মদ আজাদ ইকবাল পারভেজ, প্রধান শিক্ষক, , , ০১৮১৯৩৫২৪৩১ | লাল সবুজ পতাকা ধরি ছুটির আনন্দে যাবো বাড়ি | শিশুরা ছুটির ঘন্টা শুনতে পেলে দৌড় দিয়ে স্কুল থেকে বের হতে চেষ্টা করে। এতে অধিক শিক্ষার্থী ও বহুতল দালান বিশিষ্ট বিদ্যালয়ের সিড়িতে শিশুদের আহত হবার সম্ভাবনা থাকে। তাই স্কুল ছুটিতে শিশুদের শ্রেণিকক্ষ ও বিদ্যালয় ত্যাগ হতে হবে সুশৃঙ্খল , নিরাপদ ও আনন্দদায়ক। |
| ৫ | ID- ১০১৩২৬ | রাশেদা আখতার , প্রধান শিক্ষক, দাগনভূঞা, ফেনী, ০১৮১৮৯০৫২৩৮ | প্রাক প্রাথমিক মায়েদের বর্ণ পরিচয় | প্রাক প্রাথমিক শ্রেণিতে আসা শিশুদের অনেকেই বাড়ি থেকে শিখে আসা বর্ণগুলো ভুল উচ্চারণে শিখে আসে।দেখা যায় বিদ্যালয়ে সঠিক উচ্চারণে শিখালে বাড়ি গিয়ে আবার এলোমেলো হয়ে যায়।তাছাড়া সঠিক প্রবাহে লিখতে শেখাও অনেক গুরুত্বপূর্ণ।শিশু প্রথমে যা শিখে তার সে শিখন স্থায়ী হয়।তাই শুদ্ধরুপে বর্ণ উচ্চারণ ও লিখনের জন্য শিশুদের অভিভাবকদের প্রশিক্ষণ প্রয়োজন। |
| ৬ | ID- ১০১৩৩৬ | হোসাইন মোহাম্মদ এমরান, ইন্সট্রাক্টর, ফটিকছড়ি, চট্টগ্রাম, ০১৭১৪৩৪৪৭৮৮ | অ্যাকশন রিসার্চ (কর্ম-সহায়ক গবেষণা) পরিচালনায় প্রাথমিক বিদ্যালয় ও শিক্ষকদের সহায়তা প্রদান | মানসম্মত শিক্ষায় অ্যাকশন রিসার্চ পরিচালনা বিশ্বব্যাপী স্বীকৃত ও নন্দিত। বাংলাদেশ প্রাথমিক শিক্ষায় এ গবেষণা অন্তর্ভুক্ত করা হয়েছে, বিশেষ করে ডিপিএড শিক্ষক প্রশিক্ষণার্থীরা কোর্স চলাকালীন তা অধ্যয়ন করাসহ সম্পাদন করেন। পিটিআই ও ইউআরসি ইন্সট্রাক্টরগণের দায়িত্ব ও কর্তব্যের একটি কাজও রয়েছে অ্যাকশন রিসার্চ পরিচালনা। কর্মস্থলের পরিবেশ উন্নয়ন এবং বিভিন্ন সমস্যার সমাধানে বিদ্যালয় ও শিক্ষকবৃন্দ অ্যাকশন রিসার্চ পরিচালনা করে থাকেন। কিন্তু সঠিক পরিকল্পনা প্রণয়ন, আবশ্যিক টুলসের ব্যবহার, চক্রাকারে সম্পাদিত কাজের লিখিত বিবরণ রাখা এবং প্রতিবেদন প্রণয়নের দক্ষতার অভাবে তা অ্যাকশন রিসার্চ হিসেবে স্বীকৃতি পায় না। তাছাড়া অ্যাকশন রিসার্চের গ্রহণযোগ্য প্রতিবেদন না থাকায় অন্য শিক্ষক ও গবেষকরা এসকল কাজের ফলাফল কাজে লাগাতে পারছেন না। এক্ষেত্রে শিক্ষকদের জন্য উপযুক্ত পরামর্শক ও সহায়কের অভাবে তারা তা পরিকল্পিতভাবে পরিচালনা করাসহ প্রতিবেদন প্রণয়ন করতে পারেন না। এমতাবস্থায়, শিক্ষকদের অ্যাকশন রিসার্চ পরিকল্পনা গ্রহণ, প্রয়োজনীয় টুলস তৈরি/সংগ্রহ, কর্মসম্পাদন রেকর্ড সংরক্ষণ ও মূল্যায়ন এবং প্রতিবেদন প্রণয়নে সহায়তা প্রদান করার জন্য এ উদ্ভাবনী প্রকল্পটি গ্রহণ করা হচ্ছে। আশা করা যায়, এর মাধ্যমে বিদ্যালয় শিক্ষকবৃন্দ যথাযথ পদ্ধতি ও প্রক্রিয়া সম্পাদনসহ অ্যাকশন রিসার্চ পরিচালনায় আগ্রহী হবেন এবং গুণগত মানসম্পন্ন প্রাথমিক শিক্ষায় অগ্রগণ্য ভূমিকা পালন করবেন। |

বিভাগ: সিলেট

| ক্রমিক নং | আইডিয়া নম্বর | উদ্ভাবক পরিচিতি | আইডিয়ার শিরোনাম | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|
| ১ | ID-১০১১৭৭ | সোমা দত্ত, সহকারী শিক্ষক, মাধবপুর, হবিগঞ্জ, ০১৭৯১৪৯৯৫৫৯ | প্রান্তিক শিক্ষার্থীর মেমরী কার্ডে শিখন ঘাটতি পূরণ | বিদ্যালয় ক্যাচমেন্ট এলাকায় অনেক শিক্ষার্থী রয়েছে যাদের বাসায় টেলিভিশন নেই কিংবা ইন্টারনেট সুবিধা নেই। সেই সকল পরিবার থেকে ভর্তিকৃত শিশুদেরকে যদি পূর্বে সম্প্রসারিত ক্লাসসমূহ মোবাইল মেমরী কার্ডে সংরক্ষণ করে বিতরণ করা যায় এবং নির্ধারিত ছকে ধারাবাহিক মূল্যায়ন করে তাদের শিখন ঘাটতি পূরণ করা যাবে। |
| ২ | ID-১০১২২৪ | লাকী বিশ্বাস, সহকারী শিক্ষক, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ, ০১৭৯৫৬৩৩০১৩ | কোলাজ ডায়েরি | এটি একটি বই যে,বইয়ের প্রত্যেকটা ছবি কাগজ কেটে কেটে তৈরি করি যাকে সাধারনত কোলাজ বলে থাকি। এতে করে শিশুরা পড়তে ও শিখতে খুব উদ্বুদ্ধ হয় এবং নিজেরাও চেষ্টা করে কাগজ কেটে ছবি আঁকার। এই আইডিয়ার মাধ্যমে শিশুরা যেমন ছবি, বর্ণ, শব্দ বলতে বা শিখতে পারছে তেমনি নিজে কাগজ কেটে কিছু তৈরি করেও দেখাচ্ছে। এতে শিশুদের সৃজনশীলতা বৃদ্ধি পাবে। |
| ৩ | ID-১০১২৩৪ | লাকী বিশ্বাস, সহকারী শিক্ষক, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ, ০১৭৯৫৬৩৩০১৩ | স্টার বয়/গার্ল নির্বাচন | আমার উদ্ভাবনী ধারণাটি হলো প্রতি ক্লাসে সকল শিক্ষার্থীদের হাতের লেখার সুযোগ করে দেয়া। তারা প্রত্যেকে হাতের লেখা লেখবে এবং প্রতি দিন দেখাবে। হাতের সুন্দর লেখার জন্য তারা মার্কস পাবে। এবং সপ্তাহের শেষ দিকের যেমন বৃহস্পতি বারে ৬ দিনের মোট মার্কস যোগ করা হবে। যে সব থেকে বেশি নম্বর পাবে সে স্টার বয়/ গার্ল হিসাবে নির্বাচিত হবে। প্রতি সপ্তাহে টপ ৫ দের দেয়া হয় একটি করে রঞ্জিন কাগজের স্টার এবং একটি করে কলম। যারা প্রথম সপ্তাহে পেয়ে যাবে তাদের বাদ দিয়ে পরবর্তী সপ্তাহে আরো টপ ৫ জনকে পুরস্কৃত করা হবে। এইভাবে ক্লাসের সবাই এই স্টার বয়/ গার্ল নির্বাচিত হবে। এতে করে সবাই পুরস্কার পাবে এবং আনন্দের সহিত অংশগ্রহণ করবে। এইরকম করে পুরো বছর জুড়ে চলতে থাকে। সর্বশেষে বছর শেষে প্রতি ক্লাসে হাতের সুন্দর লেখা প্রতিযোগিতার আয়োজন করা হয় এবং তাদের মধ্য থেকে তিন জনকে পুরস্কৃত করা হয়। |
| ৪ | ID-১০১২৫১ | রিবন রানী দাশ, সহকারী শিক্ষক, লাখাই, হবিগঞ্জ, ০১৭০৬০৭৭০৮৯ | ভার্চুয়াল বন্ধু | গ্রামের স্কুল সংলগ্ন শিক্ষার্থীদের নিয়ে প্রতি তিনজন ছাত্র করে একটি গ্রুপ করেছি। প্রতি পাড়ায় দুজন করে বিশজন বন্ধু আছে ওদের মাধ্যমে লেখাপড়া প্রদান, হোমওয়ার্ক, অনলাইন ক্লাস, সংসদ টেলিভিশনের ক্লাশ নিয়মিত দেখছে কিনা খবরাখবর নেই। এতে ব্যাপক সাড়া পাই আমি। |
| ৫ | ID-১০১২৮৭ | রিবন রানী দাশ, সহকারী শিক্ষক, লাখাই, হবিগঞ্জ, ০১৭০৬০৭৭০৮৯ | মূল্যবোধ বৃক্ষ | বিদ্যালয়ের দেয়ালে একটি বৃক্ষ তৈরি করে বৃক্ষের পাতার মধ্যে বিভিন্ন জিনিসের নাম যেমন সমাজসেবা,নেতৃত্ব,সচ্চরিত্র, পরোপকারী,মহানুভবতা,সাহস,আত্মবিশ্বাস,স্বদেশপ্রেম,ঐক্য,কৌতূহল, সময়ানুবর্তিতা,সংযম,সমবেদনা,স্বাধীনতা। |
| ৬ | ID-১০১৩১২ | নাসরীন আক্তার খানম, অন্যান্য, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ, ০১৭০৮৬৮৩৭৭৯ | শব্দঝুড়ি | করোনা উত্তর শিক্ষাপ্রতিষ্ঠান খুললে শিখন ঘাটতি পুষিয়ে নিতে এই উদ্যোগ। স্কুল খোলার পরে প্রতি ক্লাসে ইচ্ছে ঝুড়ি স্থাপন করা হবে। এতে যে যত শব্দ শিখেছে, এবং যেগুলি শিখা হয়নি , শিক্ষক রেজিস্টারে তার তালিকা তৈরী করবেন এবং ক্লাসে টাঙিয়ে দিবেন। যারা যেটি শিখেনি দ্রুত শিখে নাম সহ শব্দটি ঝুড়িতে ফেলবে। মোট সময় থাকবে দশদিন। দশদিনে কে কত আগে কতটি শব্দ শিখতে পারে, তা প্রতিদিন গোনা হবে।দশদিন পরে সর্বোচ্চ শব্দ শেখা তিনজনকে পুরস্কৃত করা হবে। |

বিভাগ: রংপুর

| ক্রমিক নং | আইডিয়া নম্বর | উদ্ভাবক পরিচিতি | আইডিয়ার শিরোনাম | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|
| ১ | ID-১০১১৬২ | মো: মাসুদুল হাসান, উপজেলা/থানা শিক্ষা অফিসার, হাকিমপুর, দিনাজপুর, ০১৭১৬৩৩৪৯৫৫ | শিক্ষকবৃন্দের পাঠদানের অডিও ও ভিডিও প্রান্তিক শিক্ষার্থীদের প্রদান (মেমোরী কার্ডে) করে করোনাকালীন পাঠদান কার্যক্রম চালু রাখা | দক্ষ শিক্ষকবৃন্দের পাঠদানের অডিও ও ভিডিও (কমদামী সহজলভ্য মোবাইল উপযোগী) রেকর্ড করে বিদ্যালয়ের ল্যাপটপের মাধ্যমে প্রয়োজনীয় সংখ্যক মেমরী কার্ডে কপি করে প্রান্তিক শিক্ষার্থীদের প্রদান করতে হবে এবং করোনাকালীন পাঠদান কার্যক্রম চালু রাখতে হবে। এ কার্যক্রমে একজন শিক্ষক ফোনে সপ্তাহে ২-৩ দিন নির্ধারিত সংখ্যক শিক্ষার্থীর পড়াশোনার খোঁজ নিবেন, বাড়ির কাজ দিবেন, আদায় করবেন,পাঠোন্নতির গ্রেডিং রেজিস্টারে লিপিবদ্ধ করবেন এবং প্রধান শিক্ষকের মাধ্যমে কর্তৃপক্ষকে অবগত করবেন। ফলে পাঠ্য পুস্তকের অধ্যায় ভিত্তিক সকল পাঠ শিশুরা সহজেই বুঝতে পারবে এবং বিদ্যালয় বন্ধ থাকার ক্ষতি কাটিয়ে উঠতে পারবে। |
| ২ | ID-১০১৩০৮ | মোঃ ইলিয়াস, প্রধান শিক্ষক, সৈয়দপুর, নীলফামারী, ০১৭১৬৯৮২৫৬৭ | ১ম থেকে ৪র্থ শ্রেনির সংক্ষিপ্ত প্রশ্ন-ব্যাংক সরবরাহের মাধ্যমে শিখন- শেখানো কার্যক্রম জোরদার করণ। | করোনা প্রাদূর্ভাবের সময় মোবাইল ফোনের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের অভিভাবকগণের সহিত নিবিড় যোগাযোগ করে বাংলা ও ইংরেজি পঠন ও লিখন দক্ষতা মনিটরিং করা হচ্ছে। অভিভাবকগণের বিশেষ অনুরোধে ও শিক্ষকমন্ডলীর সাথে আলোচনা করে উপলব্ধি হয়েছে যে এই সময়ে ১ম থেকে ৪র্থ শ্রেণির শিক্ষার্থীদের আবশ্যকীয় বিষয়সমূহের যদি একটি করে সংক্ষিপ্ত প্রশ্ন ব্যাংক সরবরাহ করা যায় তাহলে অভিভাবকগণ বাড়িতে তাদের সন্তাদের শেখন- শেখানো কার্যক্রমে ব্যস্ত রাখতে পারবেন। শিক্ষকবৃন্দ ও বিভিন্ন সময়ে অভিভাবক তথা শিক্ষার্থীদের সাথে মেবাইলে যোগাযোগ করে প্রশ্ন ব্যাংকের আলোকে দিক নির্দেশনা দিতে পারবেন। প্রতিটি বিষয়ের আলাদা আলাদা খাতা তৈরি করে শিক্ষার্থীরা প্রশ্নের সমাধান গুলো লিখবে এবং সংরক্ষণ করবে। প্রয়োজনে মোবাইলে বিষয়-ভিত্তিক শিক্ষকের সহযোগিতা নিতে পারবে। |
| ৩ | ID-১০১৩১৭ | মোছা: শিরিন আক্তার, সহকারী শিক্ষক, ফুলবাড়ী, দিনাজপুর, ০১৭৫০৯৬১৪৪৪ | Recover Team | রিকভার এডুকেশন টিম মূলত শিক্ষার্থীদের অভিভাবকদের নিয়ে গঠিত হবে। করোনা পরবর্তী স্কুলে আমরা দুই ধরণের শিক্ষার্থী পাবো। সবল দূর্বল শিশুদের মধ্যে লেখাপড়ায় সমতা আনতে শিক্ষক রিকভার এডুকেশন টিম গঠন করে অভিভাবকের সহায়তায় পিছিয়ে পড়া শিক্ষার্থীদের এগিয়ে নিতে সহায়তা করবে। শিক্ষক এই টিমের পরিচালক হিসেবে স্কুল ছুটির পরেও শিক্ষার্থীদের মোবাইলে যোগাযোগ রাখবে। পিছিয়ে পড়া শিক্ষার্থীদের অভিভাবককে তার সন্তানদের অবস্থা জানিয়ে মোটিভেশনের মাধ্যমে শিক্ষার্থীদের উন্নয়ন আনতে কাজ করবে। প্রতি ১৫ দিন অন্তর এই টিমের সদস্যদের নিয়ে মিটিং হবে এবং সেখানে যে শিক্ষার্থীর অভিভাবক তার যথাযথ উন্নয়ন আনবে তাকে পুরস্কৃত করা হবে। এতে করে করোনা পরবর্তী শিক্ষার্থীদের লেখাপড়ায় একটি সমতা আসবে। |
| ৪ | ID-১০১৩৯৩ | দেবনাথ দাস, প্রধান শিক্ষক, বিরল, দিনাজপুর, ০১৭১৯১৬৪৬৩৯ | মুজিবর্ষে শিশুদের চোখে বঙ্গাবন্ধু | শিশুরা বঙ্গাবন্ধুর ছবি আঁকবে এবং নিজের ছবিও যুক্ত করবে। সে অঙ্কিত ছবির বই এবং ক্যালেন্ডার তৈরি করে বিদ্যালয়ে ব্যবহার করা হবে। বঙ্গাবন্ধু এর বই পড়বে। যা সহায়ক পঠন সামগ্রী হিসেবে সাবলীল পঠনে ব্যবহৃত হবে। বঙ্গাবন্ধু এর অঙ্কিত ছবি উপকরণ হিসেবেও ব্যবহার হবে। |

বিভাগ: ময়মনসিংহ

| ক্রমিক নং | আইডিয়া নম্বর | উদ্ভাবক পরিচিতি | আইডিয়ার শিরোনাম | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|
| ১ | ID-১০০০৩৪ | , , ফুলবাড়ীয়া, ময়মনসিংহ | প্রতিটি বিদ্যালয়ে একটি নৈতিক মূল্যবোধ বোর্ড স্থাপন | প্রতি বিদ্যালয়ে একটি নৈতিক মূল্যবোধ প্রদর্শন ও মূল্যায়ন বোর্ড স্থাপন করা। নৈতিক মূল্যবোধ বিষয়ক বইপত্র, গল্প, কবিতা, ধর্মীয় পুস্তক, অডিও এবং ভিডিও ক্লিপ সংরক্ষন ও এগুলো তাদেরকে পড়তে বা দেখতে দেয়া। একটি বোর্ড স্কুলের বারান্দায় টানানো। যাতে শিক্ষার্থীরা তাদের সাপ্তাহিক কাজগুলো লিকে প্রদর্শন করতে পারে।প্রতি মাসের শেষ বৃহস্পতিবার শিক্ষার্থীদের মূল্যবোধ বিবেচনায় পুরস্কৃত করতে হবে। |
| ২ | ID-১০১২৮৬ | মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, প্রধান শিক্ষক, কেন্দুয়া, নেত্রকোণা, ০১৭১৮০৪৩৯৭৮ | আমার খাতা আমার কলম " ( শিক্ষার্থীদের ফ্রি ব্যবহারের জন্য) | প্রতি শ্রেণিকক্ষের এক কর্ণারে ১.৫ ফুট × ১ ফুট × ১০ ইঞ্চি একটি কাঠের বক্স থাকবে । যেখানে মোট শিক্ষার্থীর ১০ % হিসেবে ২০/২৫ টাকা মূল্যের খাতা এবং ৫/১০ টাকা মূল্যের কলম রাখা থাকবে। এরপর শিক্ষার্থীদের যাদের খাতা কলম থাকবে না তারা এ বক্স থেকে খাতা/কলম নিয়ে ব্যবহার করবে এবং স্কুল ছুটির পূর্বে নির্ধারিত বক্সে নিজ দায়িত্বে রেখে যাবে । এভাবে যেদিন যেসব শিক্ষার্থীদের খাতা কলম থাকবে না তারা এখান থেকে নিয়ে ব্যবহার করতে পারবে । |
| ৩ | ID-১০১৩৭৩ | শাহরিয়ার পারভেজ, সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার, ঝিনাইগাতী, শেরপুর, ০১৭১৭২২০৫০৪ | এসো মুক্তিযুদ্ধের গল্প শুনি | জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশে নয় মাস এর এক রক্তক্ষয়ী যুদ্ধের পর আমাদের দেশ স্বাধীন হয়। এই যুদ্ধে ৩০ লক্ষ মানুষ শহীদ হন এবং ২ লক্ষ মা বোন তাদের সম্মান হারান। প্রতিটি বিদ্যালয়ের শিক্ষার্থীদের মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ করার জন্য তাদের সামনে মুক্তিযুদ্ধের প্রকৃত ইতিহাস তুলে ধরতে হবে। যারা বীর মুক্তিযোদ্ধা তারা শিশুদের সামনে নিজের মুখ থেকে শিশুদের সেই রক্তঝড়া দিনের গল্প শোনাবেন, সেই সময়ে নিজেদের সংগ্রামী জীবনের কথা বলবেন। |
| ৪ | ID-১০১৩৮২ | বোরহান উদ্দিন আহমেদ, প্রধান শিক্ষক, হালুয়াঘাট, ময়মনসিংহ, ০১৬২১২৬১৯২০ | মায়ের ফোনে আমার স্কুল | মায়েদের মোবাইল ফোনের এসডি কার্ডে শ্রেণি ভিত্তিক ও বিষয়ভিত্তিক পাঠ লোড করে তাদের পাঠগুলো ধারাবাহিকভাবে দেখার সুযোগ করে দেওয়া। শিক্ষক বিষয় ভিত্তিক পাঠগুলো লোড করে দিবেন মা তার ফোনে ছাত্রছাত্রীদের অনুশীলন করার ব্যবস্থা করবেন। প্রকল্পটি সারা বছর ব্যাপি চলবে। |